



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১২২৭০১১/ কুড়িগ্রাম -১৬২/ ১৯৯৬/৪

তারিখঃ ১৬.১১.২০১৮খ্রিঃ

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন কর্পূরা করিমিয়া বালিকা দাখিল মাদ্রাসার বিদ্যমান ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যবৃন্দের বিরুদ্ধে, উক্ত মাদ্রাসার সুপার মোঃ আব্দুল আখের মিয়া একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ৩০/০৩/২০১৭ ইং তারিখে কমিটির অনুমোদন দেয়া হলেও অনুমোদিত ম্যানেজিং কমিটি ১ম সভা ব্যতীত আর কোন কার্যক্রম করে নাই। সভাপতি শিক্ষক কর্মচারীদের বেতন বিলে স্বাক্ষর না করে নানভাবে হয়রানি করেন। কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ অর্থলোভীও বটে। (কপি সংযুক্ত)।

উল্লেখ্য, বিদ্যমান অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতিও একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেছেন যে, দলদলিয়া ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান জনাব আতিয়ার রহমান মুন্সী উক্ত মাদ্রাসার সুপারের কাছে ৫০০০০০/- (পাঁচ লক্ষ টাকা মাত্র) দাবী করে জোরপূর্বক জুডিশিয়াল স্ট্যাম্প ও ফাঁকা চেকে স্বাক্ষর নিয়ে সুপারকে কমিটি বিলুপ্তির জন্য বাধ্য করেছেন।

বর্ণিত অবস্থায় সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (০৬) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১২২৭০১১/ কুড়িগ্রাম -১৬২/ ১৯৯৬/৪

তারিখঃ ১৬.১১.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
৪. সভাপতি, কর্পূরা করিমিয়া বালিকা দাখিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম।
৫. সুপার, কর্পূরা করিমিয়া বালিকা দাখিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪